

(১৪) আইন ও এই বিধিমালার যে সকল বিধান মূল কারখানার মালিকের জন্য প্রযোজ্য, তাহা, ক্ষেত্রমত, চুক্তিভুক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদনকারী বা প্রক্রিয়াজাতকারীর জন্যও প্রযোজ্য হইবে।

৪। লাইসেন্সের আবেদনপত্রের সহিত সংযুক্ত দলিলাদি ও কাগজপত্র।—লাইসেন্সের আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি ও কাগজপত্র সংযুক্ত করিতে হইবে, যথা:—

(ক) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের লাইসেন্সের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে—

- (১) হালনাগাদ আয়কর সনদ;
- (২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ;
- (৩) জমির মালিকানা বিষয়ক রেজিস্টার্ড লিজ বা ভাড়া সংক্রান্ত চুক্তি বা নিজ নামের হাল খতিয়ান;
- (৪) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- (৫) তফসিল-১ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান মর্মে ঘোষণাপত্র;
- (৬) কারখানার লে-আউট প্লান;
- (৭) বার্ষিক মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার তথ্যসহ ঘোষণাপত্র;
- (৮) কারিগরি জনবল সংক্রান্ত তথ্য;
- (৯) উত্তম প্রক্রিয়াজাতকরণ অনুশীলন প্রতিপালন করিবেন মর্মে প্রতিশ্রুতিপত্র;
- (১০) বর্জ্য ব্যবস্থাপনার বর্ণনা; এবং
- (১১) পরিবেশ অধিদপ্তরের অনাপত্তিপত্র;

(খ) চুক্তিভুক্ত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণের লাইসেন্সের জন্য আবেদনকারীর ক্ষেত্রে—

- (১) হালনাগাদ আয়কর সনদ;
- (২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ;
- (৩) মূল কারখানার মালিকের লাইসেন্সের কপি;
- (৪) মূল কারখানার মালিকের সহিত সম্পাদিত রেজিস্টার্ড চুক্তির সীলমোহরকৃত কপি (certified copy);
- (৫) ট্রেড লাইসেন্স;

- (৬) তফসিল-২ এ বর্ণিত সুবিধাদি মূল কারখানায় বিদ্যমান মর্মে ঘোষণাপত্র;
- (৭) উৎপাদিত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ মজুদাগারের ঠিকানা সহ বর্ণনা; এবং
- (৮) উত্তম প্রক্রিয়াজাতকরণ অনুশীলন প্রতিপালন করিবেন মর্মে প্রতিশ্রুতিপত্র;
- (গ) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানি বা রপ্তানির লাইসেন্সের জন্য আবেদনকারীর ক্ষেত্রে—
- (১) আমদানি বা রপ্তানির লাইসেন্স;
- (২) ভ্যাট রেজিস্ট্রেশন সনদ;
- (৩) হালনাগাদ আয়কর সনদ;
- (৪) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- (৫) তফসিল-৩ এ বর্ণিত সুবিধাদি বিদ্যমান মর্মে ঘোষণাপত্র;
- (৬) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ গুদামজাতকরণ উপযোগী, মানসম্মত ও প্রয়োজনীয় ধারণ ক্ষমতাসম্পন্ন স্থাপনার ঠিকানা ও লে-আউট প্লান;
- (৭) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানির ক্ষেত্রে রপ্তানিকারী দেশের মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ উৎপাদন ও মান নিয়ন্ত্রণ সংক্রান্ত বিধিমালা বা নীতিমালার, যদি থাকে, নাম;
- (৮) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের রাসায়নিক ও জৈব নিরাপত্তা সংক্রান্ত সনদ প্রদানকারী রপ্তানিকারী দেশের এক্রিডেটেড কর্তৃপক্ষের নাম ও ঠিকানা (ওয়েবসাইটের নামসহ); এবং
- (৯) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ গুদামের সক্ষমতা (মেট্রিক টন);
- (ঘ) মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ খুচরা বা পাইকারী বিক্রয়ের লাইসেন্সের জন্য আবেদনকারীর ক্ষেত্রে—
- (১) গুদামসহ, যদি থাকে, বিক্রয়স্থলের পূর্ণাঙ্গ ঠিকানা;
- (২) জমি বা দোকানের মালিকানা সংক্রান্ত রেজিস্টার্ড লিজ বা ভাড়া সংক্রান্ত চুক্তি বা নিজ নামের হাল খতিয়ান;
- (৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স ;
- (৪) প্রযোজ্য ক্ষেত্রে আয়কর ও ভ্যাট সনদ;
- (৫) ব্যক্তি মালিকানার ক্ষেত্রে মালিকের জাতীয় পরিচয়পত্রের কপি; এবং
- (৬) কোম্পানির ক্ষেত্রে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) মোতাবেক সংশ্লিষ্ট কোম্পানির সনদ।